15

ভোরের কাগজ

তারিখ 17 JAN 1998
পৃষ্ঠা ৮ কলাম ৪

# ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির খবর

শুধুমাত্র রাজশাহী বিভাগে স্থায়ীভাবে বসবাসকারী এবং বর্তমানে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে একাদশ ও ষষ্ঠ শ্রেণীতে অধ্যয়নরত মেধাবী কিন্তু আর্থিকভাবে অসচ্ছল ছাত্রীদেরকে বৃত্তি প্রদানের ব্যবস্থা/আয়োজন করেছে সন্ধানী, রংপুর মেডিকেল কলেজ ইউনিট। ১৯৯৭ সালে এসএসসি এবং পঞ্চম শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরাই কেবলমাত্র এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনকারীকে অবশ্যই নিয়মিত ছাত্রী হতে হবে এবং বিগত এসএসসি/৫ম শ্রেণীর বার্ষিক পরীক্ষায় ৬০% নম্বর পেতে হবে। আর্থিকভাবে অসচ্ছল পরিবারের ছাত্রীদেরকেই কেবলমাত্র বৃত্তি প্রদান করা হবে।

আবেদনকারীর স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২৫ জানুয়ারি '৯৮ তারিখের মধ্যে সভাপতি/সাধারণ সম্পাদক, সন্ধানী, রংপুর মেডিকেল কলেজ ইউনিট রংপুরের ঠিকানায় ডাকযোগে বা সরাসরি সন্ধানী রংপুর মেডিকেল কলেজ হাসপাতালস্থ কার্যালয়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত তথ্যাদি প্রেরণ করতে হবে : ১. আবেদনকারীর নাম ২. অভিভাবকের নাম ও পেশা ৩. স্থায়ী ও বর্তমান ঠিকানা (১-৩ নং পর্যন্ত বাংলা ও ইংরেজিতে লিখতে হবে)। ৪. অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র ৫. পরিবারের সদস্য সংখ্যা এবং অধ্যয়নরত সদস্য সংখ্যা ৬. পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত ছবি ৭. স্থানীয় ইউপি/পৌরসভা চেয়ারম্যানের কাছ থেকে চারিত্রিক সনদপত্র ৮. নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের কাছ থেকে সনদপত্র ৯. এসএসসি/বার্ষিক পরীক্ষার সত্যায়িত মার্কশিট ১০. ইংরেজি ১০০ শব্দের মধ্যে নিজ এইম ইন লাইফ বিষয়ে একটি নিজস্ব রচনা ১১. পাঠ্যক্রমের বহির্ভূত কার্যক্রমের সত্যায়িত সনদপত্র (যদি থাকে)।

ঠিকানা : সন্ধানী, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।